গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.minland.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমিসেবা সিস্টেমের মাধ্যমে প্রদত্ত দাখিলা, খতিয়ান ও ডিসিআর (DCR)-এর অনুরূপ QR কোড সংযুক্ত করে এক বা একাধিক সংঘবদ্ধ প্রতারক চক্র নকল/ভুয়া দাখিলা, খতিয়ান ও ডিসিআর তৈরি করে সাধারণ নাগরিকদের প্রতারিত করছে। এ ধরনের কর্মকাণ্ড প্রচলিত আইন অনুযায়ী দন্ডনীয় অপরাধ।

উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় এবং সাধারণ নাগরিকদের জন্য সহজ, নিরাপদ ও নির্ভরযোগ্য ভূমি সেবা নিশ্চিত করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় কর্তৃক একটি মোবাইল অ্যাপ "ভূমি (Bhumi)" চালু করা হয়েছে (**Android Link:** https://land.gov.bd/bhumi_android এবং **iOS Link:** https://land.gov.bd/bhumi_ios)। এ সংশ্লিষ্ট QR কোড নিম্নরূপ:

Android Link QR

iOS Link QR

উক্ত অ্যাপে QR কোড যাচাইকরণ ফিচার ব্যবহার করে দাখিলা, খতিয়ান ও ডিসিআর-এ প্রদর্শিত QR কোড স্ক্যান করে সংশ্লিষ্ট তথ্যের সঠিকতা যাচাই করুন এবং "ভূমি (Bhumi)" অ্যাপ ছাড়া অন্য কোনো QR স্ক্যানার ব্যবহার করা থেকে বিরত থাকুন।

QR কোড যাচাইয়ের সময় কোনো ধরনের অস্পষ্টতা, ত্রুটি বা সমস্যা পরিলক্ষিত হলে অথবা প্রদর্শিত তথ্য নকল/ভুয়া বলে সন্দেহ হলে তাৎক্ষণিকভাবে ভূমি মন্ত্রণালয়ের হটলাইন নম্বর ১৬১২২-এ যোগাযোগ করুন। ভুয়া বা নকল দাখিলা, খতিয়ান কিংবা ডিসিআর প্রস্তুতের সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে বা এ সকল ভুয়া ডকুমেন্ট প্রস্তুত বা ব্যবহার করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুরোধক্রমে

১৫.০২.২০২৬

মোহাম্মদ গিয়াস উদ্দিন
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা